বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
ঋণ আদায় বিভাগ।

ফোন ঃ +৮৮০২২২৩৩৮৩১৬৫;
ই-মেইল ঃ
dgmrecovery@krishibank.org.bd

নং-প্রকা/আদায়/১(৫৯)/২০২৩-২০২৪/ ৪৯৮ তারিখঃ ১১-০১-২০২৪ খ্রিঃ

মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়
উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

ই-মেইলযোগে

**বিষয়ঃ আমানত সংগ্রহ, ঋণ বিতরণ ও আদায় এবং বৈদেশিক রেমিট্যান্স প্রদানের বিশেষ কর্মসূচি গ্রহণ এবং ৩১ জানুয়ারী ২০২৪ খ্রিঃ তারিখে একযোগে সকল শাখায় '' মহাক্যাম্প " অনুষ্ঠান আয়োজন প্রসঙ্গে।**

মহোদয়

শিরোনামের বিষয়ে ঋণ আদায় বিভাগের গত ২৮/০৮/২০২৩ তারিখের পত্র নং ১৪৬ এর মাধ্যমে প্রণীত "বার্ষিক ঋণ আদায় ক্যালেন্ডার"এর প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। ২০২৩-২০২৪ অর্থবছরের ৩১/১২/২০২৩ তারিখ পর্যন্ত সমাপ্ত ২৬তম সপ্তাহ পর্যন্ত ব্যবসায়িক লক্ষ্যমাত্রার কোনো খাতেই আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জিত না হওয়ায় ব্যবস্থাপনা কর্তৃপক্ষ অসন্তোষ প্রকাশ করেছেন। ব্যবসায়িক লক্ষ্যমাত্রা অর্জনের পাশাপাশি ঋণ আদায় কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ আগামী ৩১-০১-২০২৪ খ্রিঃ তারিখে সকল শাখায় একযোগে ঋণ আদায় "মহাক্যাম্প" অনুষ্ঠান আয়োজনের নির্দেশনা প্রদান করেছেন।

০৩। ঋণ আদায়ের বিশেষ কর্মসূচীর লক্ষ্যমাত্রা পরিশিষ্ট-০১ অনুযায়ী নির্ধারণ করে দেয়া হলো। বিভাগীয় কার্যালয়সমূহ তাদের আওতাধীন কার্যালয়সমূহের মধ্যে এই লক্ষ্যমাত্রা আগামী ১৫-০১-২০২৪ তারিখের মধ্যে বন্টন নিশ্চিত করবেন।

০৪। **কর্মসূচির সফল বাস্তবায়নে মাঠ কার্যালয়সমূহের করণীয়ঃ**

(ক) গত ২৭/০৭/২০২৩ তারিখে জারীকৃত ঋণ আদায় মহাবিভাগ পরিপত্র নং ০৩/২০২৩ এর নির্দেশনা যথাযথ ভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে;

(খ) শাখাকে রঙ্গিন পোস্টার/ ফুল দিয়ে সাজিয়ে উৎসব মুখর পরিবেশ সৃষ্টিসহ শাখার সামনে শামিয়ানা টানিয়ে গ্রাহক সমাবেশের আয়োজন করতে হবে এবং রেমিট্যান্সসহ ব্যাংকের অন্যান্য সেবাসমূহের প্রচারণামূলক কার্যক্রম অব্যাহত রাখার পাশাপাশি লো-কস্ট ডিপোজিট (এসএনডি ও সঞ্চয়ী আমানত) এবং সুদবিহীন চলতি আমানত সংগ্রহের উপর বিশেষ গুরুত্ব আরোপ করতে হবে;

(গ) উক্ত কর্মসূচীতে স্থানীয় প্রতিনিধি ও প্রশাসনের কর্মকর্তাগণকে, বিশেষ করে সার্টিফিকেট মামলার দায়িত্বপ্রাপ্ত সার্টিফিকেট অফিসারকে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করে সদয় আমন্ত্রণ জানাতে হবে।

০৫। স্থানীয় মুখ্য কার্যালয় এবং বিভাগীয় কার্যালয়সমূহ এই বিশেষ কর্মসূচীর অর্জন সংক্রান্ত তথ্যাদি সংকলিত বিবরণী পরিশিষ্ট-২ এ উল্লেখিত ছকে ৩১-০১-২০২৪ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে ই-মেইলযোগে ঋণ আদায় বিভাগে প্রেরণ নিশ্চিত করবেন।

০৬। এমতাবস্থায়, উপরোক্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ ও পরিপালনপূর্বক অধিক পরিমাণে **দ্বিগুণের আওতায় আদায়যোগ্য ঋণ ও পুনঃতফসিলকৃত ঋণ আদায়ের** বিষয়টি সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে কর্মসূচির সফল বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত
11.01.2024
(মোহাম্মদ সালাহউদ্দীন রাজীব)
মহাব্যবস্থাপক
ঋণ আদায় মহাবিভাগ

নং-প্রকা/আদায়/১(৫৯)/২০২৩-২০২৪/ ৪৯৮ তারিখ ১১-০১-২০২৪ খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক. প্রকা, ঢাকা।
০২। স্টাফ অফিসার, সকল উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
০৪। সচিব, পর্ষদ সচিবালয়/ সকল উপমহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান, বিকেবি, প্রকা, ঢাকা। অত্র পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলো।
০৫। নথি/মহানথি।

১১/০১/২০২৪
(মোহাম্মদ আজিজুর রহমান ফকির)
উপমহাব্যবস্থাপক

পরিশিষ্ট-০১

# বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
**ঋণ আদায় বিভাগ।**

বিষয়ঃ আগামী ৩১-০১-২০২৪ ইং তারিখে অনুষ্ঠেয় ''মহাক্যাম্প'' অনুষ্ঠানের বিভিন্ন খাতের লক্ষ্যমাত্রা ।

(কোটি টাকায়)

| ক্রঃ নং | বিভাগের নাম | আমানত সংগ্রহ | | ঋণ বিতরণ | ঋণ আদায় | | | | | | সর্বমোট ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা | ৫২-স্থগিত সুদ আদায় | অবলোপনকৃত ঋণ আদায় | বৈদেশিক রেমিট্যান্স প্রদান |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | সংখ্যা | পরিমাণ | | শ্রেণীকৃত ঋণ | এনসিএল | শ্রেণীযোগ্য-২ ঋণ(নিয়মিত) | শ্রেণীযোগ্য-২ ঋণ(পুনঃতফসিল) | দ্বিগুণের আওতায় আদায়যোগ্য ঋণ | পুনঃতফসীলকৃত ঋণ (শ্রেণীযোগ্য-১,২ ও দ্বিগুণ ব্যতীত) | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| ১ | ঢাকা | ৭০০ | ২০০.০০ | ১০০.০০ | ২০.০০ | ২৭.০০ | ৬৫.০০ | ১৫.০০ | ৬.০০ | ১০.০০ | ১৪৩.০০ | ৪.০০ | ২.০০ | ১৫.০০ |
| ২ | ময়মনসিংহ | ৭০০ | ২০.০০ | ৮০.০০ | ৬.০০ | ২৮.০০ | ২০.০০ | ২.০০ | ১২.০০ | ১৪.০০ | ৮২.০০ | ৩.০০ | ০.৪০ | ১০.০০ |
| ৩ | চট্টগ্রাম | ১২০০ | ৫০.০০ | ৯০.০০ | ৯.০০ | ১৬.০০ | ৫.০০ | ১.০০ | ১.০০ | ৩.০০ | ৩৫.০০ | ২.০০ | ০.৮০ | ১০.০০ |
| ৪ | খুলনা | ১০০ | ২০.০০ | ১০০.০০ | ৪.০০ | ১১.০০ | ৩৪.০০ | ৭.০০ | ৩.০০ | ১.৫০ | ৬০.৫০ | ১.০০ | ০.৫০ | ৮.০০ |
| ৫ | বরিশাল | ৪০০ | ৪০.০০ | ৯০.০০ | ২.০০ | ১.০০ | ৩৫.০০ | ৩.০০ | ১১.০০ | ৬.০০ | ৫৮.০০ | ১.০০ | ০.৩০ | ৫.০০ |
| ৬ | সিলেট | ৩০০ | ৪০.০০ | ৭০.০০ | ২.০০ | ১৫.০০ | ১.০০ | ১.০০ | ৪.০০ | ৪.০০ | ২৭.০০ | ১.০০ | ০.২০ | ১০.০০ |
| ৭ | কুমিল্লা | ৭০০ | ৪০.০০ | ১০০.০০ | ৪.০০ | ৭.০০ | ১৫.০০ | ১৫.০০ | ১০.০০ | ৫.০০ | ৫৬.০০ | ৩.০০ | ০.৫০ | ১৮.০০ |
| ৮ | ফরিদপুর | ৬০০ | ২০.০০ | ১০০.০০ | ২.০০ | ১.০০ | ২০.০০ | ৮.০০ | ২.০০ | ৪.০০ | ৩৭.০০ | ১.০০ | ০.১০ | ১০.০০ |
| ৯ | কুষ্টিয়া | ২০০ | ২০.০০ | ১০০.০০ | ৩.০০ | ১.০০ | ৫.০০ | ৩.০০ | ১.০০ | ২.৫০ | ১৫.৫০ | ১.০০ | ০.০৫ | ৭.০০ |
| ১০ | এলপিও | ১০০ | ১৫০.০০ | ৭০.০০ | ১৫.০০ | ১৬.০০ | ২০০.০০ | ৫৫.০০ | ০.০০ | ০.০০ | ২৮৬.০০ | ৩.০০ | ০.১৫ | ৭.০০ |
| | সর্বমোট ঃ | ৫০০০ | ৬০০.০০ | ৯০০.০০ | ৬৭.০০ | ১২৩.০০ | ৪০০.০০ | ১১০.০০ | ৫০.০০ | ৫০.০০ | ৮০০.০০ | ২০.০০ | ৫.০০ | ১০০.০০ |

২১/০১/২০২৪
(মোঃ মাহমুদুল হাসান ভুঁইয়া)
মুখ্য কর্মকর্তা

২১/০১/২০২৪
(মুসলিমা জাহান)
সহকারী মহাব্যবস্থাপক

বাংলাদেশ কৃষি ব্যাংক

বিভাগীয় কার্যালয়--------------- ।

পরিশিষ্ট-"২"

বিষয়ঃ ৩১/০১/২০২৪ তারিখে অনুষ্ঠিত ' মহাক্যাম্প ' অনুষ্ঠানের দিন আমানত সংগ্রহ, ঋণ বিতরণ ও আদায় সংক্রান্ত তথ্যাদি প্রেরণ প্রসঙ্গে।

(কোটি টাকায়)

| ক্রঃ নং | কর্পোরেট শাখা/ মুখ্য অঞ্চল/ অঞ্চলের নাম | আমানত সংগ্রহ | | | | ঋণ বিতরণ | | | ঋণ আদায়ের পরিমাণ | | | | | | | | | | | | | | | ৫২ স্থগিত সুদ আদায় | | | অবলোপনকৃত ঋণ আদায় | | | বৈদেশিক রেমিট্যান্স প্রদান | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | শ্রেণীকৃত ঋণ | | এনসিএল | | শ্রেণীযোগ্য ঋণ-২ | | | | দ্বিগুণের আওতায় আদায়যোগ্য ঋণ | | পুনঃতফসীলকৃত ঋণ (শ্রেণীযোগ্য-১,২ ও দ্বিগুণ ব্যতীত) | | মোট ঋণ আদায় | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | নিয়মিত | | পুনঃতফসিল | | | | | | | | | | | | | | | | | |
| | | লক্ষ্যমাত্রা | পরিমাণ | হার | নতুন আমানত হিসাব খোলার সংখ্যা | লক্ষ্যমাত্রা | পরিমাণ | হার | লক্ষ্যমাত্রা | অর্জন | লক্ষ্যমাত্রা | অর্জন | লক্ষ্যমাত্রা | অর্জন | লক্ষ্যমাত্রা | অর্জন | লক্ষ্যমাত্রা | অর্জন | লক্ষ্যমাত্রা | অর্জন | লক্ষ্যমাত্রা | অর্জন | হার | লক্ষ্যমাত্রা | অর্জন | হার | লক্ষ্যমাত্রা | অর্জন | হার | লক্ষ্যমাত্রা | অর্জন | হার |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৫ | ২৬ | ২৭ | ২৮ | ২৯ | ৩০ | ৩১ | ৩২ | ৩৩ |
| ০ | | ০.০০ | | ০% | | ০.০০ | ০.০০ | ০% | ০.০০ | ০.০০ | | | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | | | ০.০০ | ০.০০ | #জউঋ! | #### | #### | ০.০০ | ০.০০ | #### | ০.০০ | ০.০০ | ##### | ০.০০ | ০.০০ | #উওঠ/০! |